



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নারায়ণগঞ্জ সদর
web: narayanganjsadar.narayanganj.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং ০৫.৪১.৬৭০৪.০৩৪.০০.০২৩.১৮-৭৮৩(৩০)

তারিখ : ১৫/০৭/২০২০খ্রি.

“পবিত্র ঈদ-উল আযহা/২০২০খ্রি. উপলক্ষে অস্থায়ী পশুর হাট ইজারা দরপত্র বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা/২০২০ উপলক্ষে নিম্নবর্ণিত স্থানে ও শর্তাবলী অনুযায়ী পবিত্র ঈদ-উল-আযহার পূর্ববর্তী ০৩(তিন) দিনের জন্য অস্থায়ী পশুর হাট ইজারা বন্দোবস্ত দেয়ার নিমিত্ত সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। অত্রই দরদাতাকে নিম্নস্বাক্ষরকারীর অফিস ও জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ এবং সহকারী কমিশনার(ভূমি), নারায়ণগঞ্জ সদর, সহকারী কমিশনার (ভূমি), ফতুল্লা রাজস্ব সার্কেল, নারায়ণগঞ্জ এর কার্যালয় হতে নির্ধারিত মূল্যে (অফেরত যোগ্য) নিম্ন তফসিলে ৬ নং কলামে বর্ণিত তারিখে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (তফসিলে বর্ণিত ৫ নং কলামের তারিখ পর্যন্ত) ক্রয় করা যাবে। দরপত্রসমূহ নিম্নস্বাক্ষরকারীর অফিস, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ এবং সহকারী কমিশনার (ভূমি), নারায়ণগঞ্জ সদর ও সহকারী কমিশনার (ভূমি), ফতুল্লা রাজস্ব সার্কেল, নারায়ণগঞ্জ এর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র গ্রহণ করা হবে এবং ঐ দিনই দুপুর ২.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসার, নারায়ণগঞ্জ সদর এর অফিস কক্ষে দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ খোলা হবে।

তফসিল { অস্থায়ী পশুর হাট বাজার ইজারা ক্যালেন্ডার }

ক্রঃ নং	অস্থায়ী পশুর হাটের নাম ও অবস্থান	সরকারী সম্ভাব্য ইজারা মূল্য গত বারের দেয় দরের সাথে ৬% বৃদ্ধি	দরপত্র সিডিউল মূল্য	সিডিউল বিক্রির তারিখ (অফিস চলাকালীন সময়ে সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত)	দরপত্র দাখিলের তারিখ ও সময় (সকাল ৯.০০ টা হতে দুপুর ১.টা পর্যন্ত)
০১	০২	০৩	০৪	০৫	০৬
০১	গোগনগর ইউনিয়নের পলি ফ্যাক্টরী সংলগ্ন আলী আকবর বেপারীর নিজস্ব ভূমিতে অস্থায়ী পশুর হাট, সাং- গোগনগর, নারায়ণগঞ্জ সদর	৪৪,৬০০/-	৫০০/-		
০২	গোগনগর ইউনিয়নের পুরান সৈয়দপুর এলাকায় আলী আকবর এর নিজস্ব ভূমিতে অস্থায়ী পশুর হাট, সাং- গোগনগর, নারায়ণগঞ্জ সদর।	১.১৭.৭০০/-	১০০০/-		
০৩	গোগনগর ইউনিয়নের সৈয়দপুর পাঠান নগর এলাকায় অস্থায়ী পশুর হাট, সাং- গোগনগর, নারায়ণগঞ্জ সদর	৬০,৫০০/-	৫০০/-		
০৪	গোগনগর ইউনিয়নের বাড়িরটেক সংলগ্ন মাদবর বাড়ির পশ্চিমপাড় দেলোয়ার হোসেন এর নিজস্ব ভূমিতে অস্থায়ী পশুর হাট, সাং- গোগনগর, নারায়ণগঞ্জ সদর	৭৪,২০০/-	৫০০/-	১৬.০৭.২০২০ খ্রি. তারিখ হতে ২০.০৭.২০২০ খ্রি. তারিখ পর্যন্ত (বৃহস্পতিবার-সোমবার)	আগামী ২১.০৭.২০২০ খ্রি. তারিখ: (মঙ্গলবার)
০৫	গোগনগর ইউনিয়নের বাদশা মিয়ান নিজস্ব ভূমিতে অস্থায়ী পশুর হাট সাং গোগনগর, নারায়ণগঞ্জ সদর	৪০,৯০০/-	৫০০/-		
০৬	গোগনগর ইউনিয়নের চরসৈয়দপুর শান্ত ফিলিং স্টেশন সংলগ্ন আসলাম মিয়ান নিজস্ব ভূমিতে অস্থায়ী পশুর হাট, সাং- গোগনগর, নারায়ণগঞ্জ সদর	৬৫,০০০/-	৫০০/-		
০৭	কাশিপুর ইউনিয়ন ক্লাব মাঠ (ভূমি অফিস সংলগ্ন) খালি মাঠে অস্থায়ী পশুর হাট, সাং- কাশিপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ।	৩৫,০০০/-	৫০০/-		
০৮	কুতুবপুর ইউনিয়নের শান্তিধারা এলাকায় (মসজিদ উন্নয়নের স্বার্থে) হাজী আব্দুর রাজ্জাক বেপারীর মার্কেট সংলগ্ন খালি মাঠে অস্থায়ী পশুর হাট, সাং- কুতুবপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ।	৬৪,৭০০/-	৫০০/-		
০৯	কুতুবপুর ইউনিয়নের পাগলা তালতলা সংলগ্ন প্যারাডাইস সিটি মাঠে অস্থায়ী পশুর হাট, সাং- কুতুবপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ সদর।	৯৫,৫০০/-	৫০০/-		
১০	কুতুবপুর ইউনিয়নের আলীগঞ্জ নদীর পাড়ে মৃত হাফেজ মোক্তার এর নিজস্ব ভূমিতে অস্থায়ী পশুর হাট সাং- কুতুবপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ সদর।	৩৯,০০,০০০/-	৮,৪০০/-		
১১	বক্তাবলী ইউনিয়নের ৪নং ওয়ার্ডের রাজাপুর গ্রামে অস্থায়ী পশুর হাট, সাং- বক্তাবলী, ফতুল্লা, নারায়ণগঞ্জ সদর।	৫৫,৭০০/-	৫০০/-		

শর্তাবলী :

- ০১। দরপত্র দাখিলের সময় দরপত্রদাতাকে উদ্ধৃত মূল্যের উপর ৩০% জামানত হিসাবে উপজেলা নির্বাহী অফিসার, নারায়ণগঞ্জ সদর এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দরপত্রের সাথে জমা দিতে হবে।
- ০২। অনুমোদিত দরপত্রদাতাকে দরপত্র গ্রহণের সাথে সাথে দরপত্রে প্রদত্ত ৩০% অর্থ বাদে উদ্ধৃত মূল্যের অবশিষ্ট ৭০% অর্থ, ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট ও ৫% আয়কর প্রদান করতে হবে। অন্যথায় জামানতের ৩০% অর্থ বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
- ০৩। পশুর হাটে প্রবেশ পথ ও বহির্গমন পথ সহ একাধিক পয়েন্টে হাট ধোয়ার ব্যবস্থা রাখতে হবে।
- ০৪। হাটের প্রবেশ পথ ও বহির্গমন পথে অস্থায়ী জীবানুনাশক টানেল ও থার্মাল স্ক্যানার ব্যবস্থা রাখতে হবে।
- ০৫। করোনা প্রতিরোধে হাট প্রাঙ্গনে সার্বক্ষণিক স্বাস্থ্য সচেতনতামূলক মাইকিংয়ের ব্যবস্থা রাখতে হবে।
- ০৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।